মেহেরপুরের তথ্য বাতায়নে মিলছে না পূর্নাঙ্গ তথ্য!

জাতীয় তথ্য বাতায়নে মেহেরপুর জেলার তেমন কোনো তথ্যই মিলছে না। দুই-একটি তথ্য মিললেও সেটিও সীমিত পরিসরে। তাও আবার অধিকাংশ সরকারি অফিসগুলো তথ্যটিও হালনাগাদ করা নেই। বেশ কয়েক বছর আগে চলে যাওয়া কর্মকর্তার ছবি ও নম্বর এখনো দেখাচ্ছে সেখানে। দায়সারাভাবে এই ওয়েবসাইটটি পরিচালিত হওয়ায় তা তথ্য বিভ্রাটে পরিণত হয়েছে।

সরকার যখন তথ্য’র অবাদ প্রবাহ নিশ্চিত ও ডিজিটাল বাংলাদেশ গড়তে কাজ করছে, ঠিক সে সময় জাতীয় তথ্য বাতায়নে তথ্য না থাকায় ক্ষোভ জানিয়েছে সুধি মহল। সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তাদের উদাসীনতা ও নজরদারি না থাকার কারণে জাতীয় তথ্য বাতায়নে তথ্য’র গড়মিল। আর অদক্ষতার জন্যই সরকারের একটি ভালো উদ্যোগ কেবল নাম পরিচয়ের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে। সচেতন মহলের দাবি, সকল দফতরের কর্মকর্তা- কর্মচারীর নাম, ছবি, মোবাইল নম্বরসহ পূর্নাঙ্গ ঠিকানা থাকতে হবে। তা না হলে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে পৌঁছাতে বেগ পেতে হবে। সচেতন মহলের মতে, সরকারের সকল বরাদ্দ ও প্রকল্পের ব্যয়সহ সকল উন্নয়নচিত্র সংশ্লিষ্ট দফতরের তথ্যবাতায়নে দিলে কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

গাংনী সাব রেজিস্ট্রার পদে মাহফুজ রানা কর্মরত থাকলেও তথ্য বাতায়নে নাম রয়েছে সাবেক সাব রেজিস্ট্রার ইমরুল হাসানের। উপজেলা শিক্ষা প্রকৌশল অফিসের কোনো তথ্যই নেই। নেই মৎস্য কর্মকর্তার তথ্য। উপজেলা খাদ্য কর্মকর্তা ও গুদাম কর্মকতার তথ্য নেই। হাসপাতালে বদলিকৃত ডাক্তারের নাম রয়েছে তালিকায়।

এদিকে গাংনী নির্বাচন অফিসার হিসেবে রশিদুল আলমের নাম রয়েছে। তিনি বর্তমানে খোকসা উপজেলায় কর্মরত। পল্লী বিদ্যুৎ শৈলেন্দ্র নাথ পালে নাম রয়েছে তিনি বদলি হয়েছে কয়েক বছর আগে। হিসাবরক্ষণ অফিসের পূর্ণাঙ্গ তথ্য নেই।

গাংনী থানার তথ্যবাতায়নে দেখা যায়, ৫ বছর আগে চলে যাওয়া তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুদুল আলমের ছবি দেয়া রয়েছে। এখানে কোনো থানা কিংবা পুলিশ ক্যাম্পে কর্মরতদের নামের তথ্য নেই।

আনসার ভিডিপি কর্মকর্তাদের নামের তথ্য থাকলেও আনসার সদস্যদের নামের তালিকা নেই তথ্য বাতায়নে।

এছাড়া কলেজ, মাধ্যমিক বিদ্যালয়,নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের কোনো তথ্যই নেই বাতায়নে। ব্যাংক বীমা, মসজিদ, এতিমখানা গীর্জা, মন্দিরের কোনো তথ্যই নেই। বেশ কিছু ইউনিয়ন পরিষদের ইউপি সচিব, ইউপি সদস্য ও গ্রাম পুলিশের পূর্ণাঙ্গ তালিকা নেই। এ অবস্থার জন্য সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের উদাসীনতা ও অদক্ষতাকে দায়ী করছেন স্থানীয়রা।

এ বিষয়ে মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খাঁন জানান, তথ্য বাতায়নে সরকারি বা বেসরকারি কর্মকর্তা-কর্মচারীরসহ সকল তথ্য পূর্ণাঙ্গ না থাকাটা দুঃখজনক। দ্রত সময়ের মধ্যে সকল দফতরের তথ্য আপডেট করার জন্য নির্দেশ দেওয়া হবে।

ঝিনাইদহে বাসের ধাক্কায় যুবক নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বাসের চাকাই পিষ্ট হয়ে সপ্রাণ হারিয়েছেন মোটরসাইকেল চালক রাতুল হোসেন (২০) নামের রেডেক্স কুরিয়ার সার্ভিসের এক কর্মী নিহত হয়েছে। তিনি উপজেলার নতিডাঙ্গা গ্রামের মন্টু মিয়ার ছেলে।

বুধবার সকালে ঝিনাইদহ-হরিণাকুণ্ডু সড়কের কাঁপাশহাটিয়া বটতলা নামক স্থানে সড়কের ওপর এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় মোটর সাইকেল আরোহী প্রান্ত নামে আরও যুবক আহত হয়েছেন।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সকালে হরিণাকুণ্ডু থেকে ঝিনাইদহগামী খন্দকার পরিবহনের একটি যাত্রীবাহী বাস (খুলনা-মেট্রো-জ-১১-০০২৮) দুর্ঘটনা কবলিত এলাকায় সড়কের ওপর পিছন থেকে ঝিনাইদহগামী ওই মোটর সাইকেলটিকে সজেও ধাক্কা দেয়।

এতে মোটরসাইকেল চালক ও আরোহী দুই যুবক সড়কের ওপর ছিটকে পড়ে। এ সময় বাসটি মোটর সাইকেলের চালক রাতুলের বুকের ওপর ও পিছনে বসে থাকা যুবক প্রান্ত‘র পায়ের ওপর দিয়ে চলে যায়।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করেন। সেখানেই তার মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর হাসাপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, নিহত যুবকের বুকে প্রচন্ড আঘাত লেগেছিল। প্রচুর রক্তক্ষরণে হাসপাতালে আসার পরই তার মৃত্যু হয়েছে।


হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, এ দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। আর একজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আছেন। বাসচালক পলাতক রয়েছে। দুর্ঘটনাকবলিত ওই বাসটিকে জব্দ করা হয়েছে।

অফিসার ক্যাডেট নিচ্ছে বিমান বাহিনী

বাংলাদেশ বিমান বাহিনীর এসপিএসএসসি ২০২১ কোর্সে ‘অফিসার ক্যাডেট’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা যথাসময়ে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে পারেন।
প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ বিমান বাহিনী
কোর্সের নাম: এসপিএসএসসি ২০২১ কোর্স

পদের নাম: অফিসার ক্যাডেট
শাখার নাম: শিক্ষা (সাইকোলজি) ও শিক্ষা (সিভিল ইঞ্জিনিয়ারিং)

শিক্ষাগত যোগ্যতা



শিক্ষাগত যোগ্যতা		প্রশিক্ষণ/কমিশন
শিক্ষা (সাইকোলজি)	যে কোনো বিশ্ববিদ্যালয় হতে মনোবিজ্ঞানে কমপক্ষে সম্মানসহ স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে সফলতার সাথে ৬ মাস প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবিতে কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পর এককালীন ৪২,২৫০/- টাকা বিশেষ ভাতা (থোক অনুদান) প্রদান করা হবে।
শিক্ষা (সিভিল ইঞ্জিনিয়ারিং)	যে কোনো স্বীকৃত প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে সিজিপিএ ৩.০০ সহকারে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল ইঞ্জিনিয়ারিং) ডিগ্রির অধিকারী হতে হবে।	

□□□: □□ □□□□□ □□□□ □□□□□□ □□-□□ □□□
□□□□□□□ □□□□□□: □□□□□□□□/□□□□□□□

□□□□□□□ □□□□□□□□: □□□□□□□ □□□□□□ □□□□□□□ □□ □□□□□, □□□□□ □□□ □□ □□□□□, □□□□□□□□□□ □ □□□□□, □□□□□ □□□□□□□□ □□ □□□□□, □□□□□ □□□ □□ □□□□□, □□□□□□□□□□ □ □□□□□□
□□□: □□□ □ □□□□□□ □□□□□□□
□□□□: □/□ □□□ □□□□□□□□□ □□□□□□□□□□□□□

□□□□: □□□□□□□□□□□□□□ □□,□□□ □□□□

□□□□□□□ □□□□:
□□□□□□□□ joinbangladeshairforce.mil.bd □□□□□□□□□□ □□□□□□□
□□□□□ □□□□ □□□□□□□

□□□□□ □□: □,□□□ □□□□

□□□□□□□□ □□□□□: □□, □□, □□ □ □□ □□□□□□□□□□ □□□□ □□□ □□, □□, □□, □□, □□, □□, □□, □□ □□□□□ □□□□
□□□: □□□□ □□□□
□□□□□: □□□□□□□□ □□□□□ □□□□□□ □□□□ □ □□□□□□□□□ □□□□□□□, □□□□□□ □□□□□□□□□□, □□□□□□□, □□□□-□□□□□

□□□□□□□□□ □□□□□: □□ □□□□□ □□□□

□□□□□: □□□□□□□□ □□□□

[redacted]

[redacted]

[redacted]: [redacted]

ক্রম নং	পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতনস্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	এ্যাসিসটেন্ট লাইব্রেরিয়ান ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩	০৪ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
২.	প্রধান সহকারী ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩	০৪টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ দাপ্তরিক কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
৩.	হিসাব রক্ষক ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	০৪ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
৪.	স্টোর কিপার ৯০০০-২২,৪৯০/- গ্রেড-১৬	০৪ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
৫.	ক্যাশিয়ার ৯৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬	০৩ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলা
৬.	ইলেকট্রিশিয়ান ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০৪ টি	কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা কারিগরি শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা অথবা কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (জাতীয় দক্ষতামান ২ ও ৩)।	সকল জেলা
৭.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০৬ টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হবে- বাংলায় প্রতি মিনিটে ২০টি শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ২০টি শব্দ।	সকল জেলা
৮.	ক্যাটালগার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০৩ টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট কোর্স সম্পন্ন এবং কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
৯.	পিএবিএক্স অপারেটর ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০৩ টি	কারিগরি শিক্ষা বোর্ড হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ ।	সকল জেলা
১০.	ওয়ার্কশপ এ্যাটেনড্যান্ট ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭ সিভিল- ০২ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স- ০২ কম্পিউটার সায়েন্স-০২	০৬টি	(ক) কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা সংশ্লিষ্ট বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
১১.	ওয়ার্কশপ এ্যাসিসট্যান্ট (প্রকৌশল) ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭ সিভিল- ০৫ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স- ০৫ কম্পিউটার সায়েন্স- ০৪ মেকানিক্যাল- ০১ নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন- ০১	১৬টি	(ক) কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
১২.	ল্যাব এ্যাটেনড্যান্ট ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭	০২ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ০১ (এক) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
১৩.	ল্যাব এ্যাসিসট্যান্ট (পদার্থ ও রসায়ন) ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭ পদার্থ-৩ রসায়ন-৩	০৬ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ০১ (এক) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; (খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলা
১৪.	ক্যাশ সরকার ৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	০২ টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সকল জেলা
১৫.	মেসেঞ্জার পিওন (বার্তাবাহক) ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	০৩ টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সকল জেলা
১৬.	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	০৬ টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সকল জেলা
	সর্বমোট	৭৬টি		

চাকরির ধরন: অস্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
কর্মস্থল: সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল
বয়স: ২৫ মার্চ ২০২০ তারিখে ১৮-৩০ বছর। বিশেষ ক্ষেত্রে ৩২ বছর

আবেদনের নিয়ম: আগ্রহীরা dteeng.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনের সঙ্গে ৩০০-৩০০ সাইজের ছবি ও ৩০০-৮০ সাইজের স্বাক্ষর স্ক্যান করে যুক্ত করতে হবে।

আবেদন ফি: টেলিটক সিমের মাধ্যমে ১-১৩ নং পদের জন্য ১১২ টাকা, ১৪-১৬ নং পদের জন্য ৫৬ টাকা ৭২ ঘণ্টার মধ্যে পাঠাতে হবে।

আবেদনের সময়: ১৬ মার্চ ২০২১ তারিখ বিকেল ০৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

সূত্র: জাগোজবস ডটকম

আল জাজিরার সামিসহ ৪ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা

বিদেশে বাংলাদেশের সরকার ও রাষ্ট্রের সুনাম ও মর্যাদার হানি ঘটানোর অভিযোগে আল জাজিরার সামিসহ চারজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা করা হয়েছে।

বুধবার (১৭ ফেব্রুয়ারি) ঢাকা মহানগর হাকিম আশেক ইমামের আদালতে এ আবেদন করেন বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সভাপতি আবদুল মালেক ওরফে মশিউর মালেক। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে মামলা গ্রহণের বিষয় আদেশ পরে দেবেন বলে জানান।

মামলার বাদী মশিউর মালেক জাগো নিউজকে এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার আসামিরা হলেন- আল জাজিরা টেলিভিশনের ডিরেক্টর জেনারেল মোস্তেফা স্যোউয়াগ, শায়ের জুলকার নাইন ওরফে সামি, নেত্র নিউজের সম্পাদক তাসনিম খলিল এবং যুক্তরাজ্য প্রবাসী ডেভিড বার্গম্যান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এর আগে সঙ্কটাপন্ন অবস্থায় আলী হোসেনকে হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়েছিল। তিনি ফুসফুসের জটিলতায় ভুগছিলেন।

১৯৬৬ সালে আলী হোসেনের সুর-সংগীতে নির্মিত প্রথম চলচ্চিত্র মোস্তাফিজ পরিচালিত ‘ডাক বাবু’ মুক্তি পায়। এই চলচ্চিত্রেই তিনি শাহনাজ রহমতুল্লাহকে দিয়ে ‘হলুদ বাটো মেন্দি বাটো’ গানটি করান। একই চলচ্চিত্রে গান করেন সৈয়দ আব্দুল হাদীও। শাহনাজ রহমতুল্লাহ ও সৈয়দ আব্দুল হাদীর তার হাত ধরেই চলচ্চিত্রের গানে অভিষেক ঘটে।

বাংলাদেশের সংগীত জগতের এক উজ্জল নক্ষত্র আলী হোসেন । বাংলা চলচ্চিত্রের অসংখ্য কালজয়ী গান তার হাত দিয়ে সৃষ্টি। তার মধ্যে রয়েছে ‘হলুদ বাটো মেন্দি বাটো’, ‘চাতুরী জানে না মোর বধূয়া’, ‘অশ্রু দিয়ে লেখা এ গান যেন ভুলে যেও না’, ‘আরে ও প্রাণের রাজা তুমি যে আমার’, ‘এ আকাশকে সাক্ষী রেখে এ বাতাসকে সাক্ষী রেখে’, ‘ও দুটি নয়নে স্বপনে চয়নে নিজেরে যে ভুলে যায় তুলনা খুঁজে না পায়’, ‘কে তুমি এলে গো আমার এ জীবনে’সহ অসংখ্য জনপ্রিয় গান।

ঢাকায় বিভিন্ন বাংলা চলচ্চিত্রের কাজ করার পাশাপাশি উর্দু ‘ছোট সাহেব’, ‘দাগ’, ‘আনাড়ি’, ‘কুলি’ ইত্যাদি চলচ্চিত্রের সংগীত পরিচালনার কাজ করেন আলী হোসেন।

১৯৪০ সালের ২৩ মার্চ কুমিল্লায় আলী হোসেন জন্ম। বাবার চাকরির সুবাদে পাকিস্তানের করাচিতে তাকে পড়াশোনা করতে হয়েছিল। সেখানেই একসময় নজরুল একাডেমিতে সহকারী শিক্ষক হিসেবে আলী হোসেনের চাকরি হয়। নজরুল একাডেমিতে চাকরি করার সুবাদে একই প্রতিষ্ঠানের উচ্চাঙ্গ সংগীতের শিক্ষক পিয়ারে খানের কাছেও তিনি গান শিখেছেন। এভাবেই ধীরে ধীরে গানের সঙ্গে তার সম্পৃক্ততা।

যুক্তরাষ্ট্রের তুষার ঝড়ে বিপর্যস্ত জনজীবন, মৃত্যু ১১

যুক্তরাষ্ট্রের টেক্সাসে তুষার ঝড়ে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। এ পর্যন্ত ১১ জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে। টেনেসি, টেক্সাস,

কেন্টাকি এবং লুইসিয়ায় মৃত্যুর খবর পাওয়া গেছে।

মঙ্গলবার জাতীয় আবহাওয়া অধিদপ্তর বলছে, যুক্তরাষ্ট্রের শতকরা ৭৩ ভাগ এখন তুষারপাতের কবলে।

আবহাওয়া অধিদপ্তর জানায়, ১৫ কোটিরও বেশি মানুষ আবহাওয়া সতর্কতার মধ্যে রয়েছে। এরইমধ্যে টেক্সাসে জরুরি অবস্থা জারি করা হয়েছে। নাগরিকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন টেক্সাসের গভর্নর।

তিনি জানান, ‘রাজ্যটির বেশিরভাগ অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। তুষারঝড়ে টেক্সাস ও হাউসটনে অন্তত ১২০টি সড়ক দুর্ঘটনা ঘটেছে।

মঙ্গলবার ভোরে উত্তর ক্যারোলাইনাতে এই তুষার ঝড়ের জেরে তিন জন মারা গেছেন এবং ১০ জন আহত হয়েছেন। কর্মকর্তারা বলছেন এখনো উদ্ধার কাজ চলছে। সূত্র: বিবিসি

‘৫ রুপির ডিশ’ দিয়ে মমতা কি নির্বাচন পার হতে পারবেন?

২০১৩ সালে তামিলনাড়তে ‘আম্মা উনাভাগম’ (মাদারস ক্যান্টিন) চালু করে একসময় সাড়া ফেলে দিয়েছিল তৎকালীন জয়ললিতার সরকার। এ কিচেনে এক প্লেট ইডলি ১ রুপিতে, ৫ রুপিতে সম্বর রাইস ও ৩ রুপিতে মিলতো দই-ভাত।

সাধারণ মানুষের মন জিতে নিয়েছিল আম্মার (তামিলনাড়তে জয়ললিতা এই নামেই বেশি পরিচিত) সরকার। ২০১৪ সালের লোকসভা নির্বাচনে রাজ্যটির ৩৯ টি আসনের মধ্যে ৩৭ টি জয় পেয়েছিল জয়ললিতার দল ‘অল ইন্ডিয়া আন্না দ্রাবিড়া মুনেত্রা কাজাঘাম’ (এআইএডিএমকে)।

দুই বছর পর ২০১৬ সালে তামিলনাড়ু রাজ্য বিধানসভার নির্বাচনেও বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে পুনরায় ক্ষমতায় আসে আম্মা সরকার। কিন্তু সেপ্টেম্বরে হঠাৎ করেই অসুস্থ হয়ে পড়েন তিনি। এরপর প্রায় ৭৫ দিন হাসপাতালে মৃত্যুর সাথে লড়াই করার পর ৫ ডিসেম্বর প্রয়াত

হন আম্মা।

এবার পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে প্রধান বিরোধী দল বিজেপিকে ঠেকাতে জয়ললিতার সেই কৌশল অবলম্বন করলো মমতা ব্যনার্জির সরকার। নিজের নামেই স্বল্পমূল্যে আহারের কর্মসূচি নিয়েছেন মমতা ব্যনার্জি। ভোটের ঠিক দুই মাস আগেই কলকাতায় ‘মা’ কিচেন চালু করলেন তিনি।

পরবর্তীতে গোটা রাজ্যেই তা ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে মমতার। এই প্রকল্পের আওতায় ৫ রুপিতে পেট ভরে ডিম-ভাত খাওয়ানোর কর্মসূচি নিয়েছেন তিনি। রাজ্য সরকারের উদ্যোগে কলকাতার পৌরসভায় চালু এই কর্মসূচির নাম ‘মায়ের রান্না ঘর’।

মায়ের রান্না ঘর প্রকল্পের উদ্বোধন করে মমতা জানিয়েছিলেন ‘এটা হল মা কিচেন। আমরা মা’য়ের জন্য গর্বিত। যেখানেই মা থাকবেন, সবকিছুই ভাল হবে। আমরা সব মা’কেই স্যালুট জানাই।’ মায়ের রান্না ঘর প্রকল্পের পুরোটাই পরিচালিত হবে স্বনির্ভর গোষ্ঠীর নারীদের দ্বারা। এই প্রকল্পের জন্য রাজ্য সরকারকে প্রতিটি থালা প্রতি ভরতুকি দিতে হচ্ছে ১৫ রুপি। এই প্রকল্প বাবদ ১০০ কোটি রুপি বরাদ্দ করেছে রাজ্য সরকার।

নির্বাচনের আগে ভোটারদের কাছে পেতে মমতা সরকারের এটি হল তৃতীয় বৃহৎ প্রকল্প। এর আগে গত মাসেই চালু হয়েছে দুয়ারে সরকার, সরকারের সমস্ত কর্মসূচি মানুষের ঘরে ঘরে পৌঁছে দিতেই তা চালু করা হয়েছিল এবং দ্বিতীয়টি হল স্বাস্থ্যসাথী প্রকল্প।

বছর কয়েক আগে জয়ললিতার ‘আম্মা কিচেন’এর দেখাদেখি ভারতের একাধিক রাজ্যে স্বল্পমূল্যে ভরতুকি যুক্ত খাবার প্রদান করা হয়েছিল কিংবা ভোটে জিততে তার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু তার বেশিরভাগই নির্বাচনী সাফল্যের মুখ দেখেনি।

বাংলাতেও ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস সরকারের আশা ‘মায়ের রান্না ঘর’ই আবার মমতাকে ক্ষমতায় আনবে। দলনেত্রী মমতাও প্রায় প্রতিটি সভা থেকেই বলে আসছেন আসন্ন বিধানসভার নির্বাচনেও তার দলই তৃতীয় বারের জন্য ক্ষমতায় আসতে চলেছে।

চার সংগঠন নিয়ে জোট গঠন জোনায়েদ সাকি ও নূরের

চারটি সংগঠন নিয়ে জোট গঠন করেছেন গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূর। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী একসঙ্গে পালনের ঘোষণাও দিয়েছে ওই চারটি সংগঠন।

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি, ছাত্র-যুব ও শ্রমিক অধিকার পরিষদের সমন্বয়ক ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর, ভাসানী অনুসারী পরিষদের মহাসচিব শেখ রফিকুল ইসলাম বাবলু এবং রাষ্ট্রচিন্তার হাসনাত কাইয়ুম এই ঘোষণা দেন।

মঙ্গলবার (১৬ ফেব্রুয়ারি) জাতীয় প্রেস ক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে এক সংবাদ সম্মেলনে চারটি সংগঠন তাদের কর্মসূচি ঘোষণা করে।
চার সংগঠনের গৃহীত আংশিক কর্মসূচির মধ্যে আছে – ১ মার্চ জাতীয় প্রেস ক্লাবে মুক্তিযোদ্ধা সম্মাননা, ১২ মার্চ কেন্দ্রীয় শহীদ মিনারে সুবর্ণজয়ন্তী সমাবেশ, ২৬ মার্চ স্ব-স্ব সংগঠনের উদ্যোগে স্বাধীনতা দিবস পালন, ১০ এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্র দিবস পালন। এছাড়াও দেশব্যাপী বছরজুড়ে বিভিন্ন কর্মসূচি নেওয়া হবে বলে জানানো হয় সংবাদ সম্মেলনে।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জোনায়েদ সাকি বলেন, ‘আমরা গণমানুষের রাজনীতি বাংলাদেশে গড়ে তুলতে চাই। তারই অংশ হিসেবে আমরা একসঙ্গে কিছু কাজ করছি। এর মধ্য দিয়ে আমরা গণমানুষের রাজনীতি এগিয়ে নিয়ে গিয়ে জনগণের নিজস্ব রাজনীতি প্রতিষ্ঠা করতে চাই।’

নুরুল হক নূর বলেন, ‘আমরা সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাই। আমাদের যাত্রা শুরু হয়েছে, এটা চলমান থাকবে। আমাদের চিন্তার সঙ্গে যদি আরও কেউ যুক্ত হতে চায় আমরা তাদের আহ্বান জানাই আসার।’

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ছাত্র অধিকার পরিষদের

ভারপ্রাপ্ত আহ্বায়ক মুহাম্মদ রাশেদ খান, যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান, রাষ্ট্রচিন্তার অ্যাডভোকেট হাসনাত কাইয়ুম, ভাসানী অনুসারী পরিষদের সাধারণ সম্পাদক শেখ রফিকুল ইসলাম বাবলু প্রমুখ।